দৈনিক বাংলা

তারিখ 29 DEC 1992
পৃষ্ঠা ৮ কলাম ৪

63

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ছাত্রদল নেতা গ্রেফতার ঃ অফিসে তালা ঃ পরীক্ষা স্থগিত

নিজস্ব সংবাদদাতা ঃ রাজশাহী, ২৮ ডিসেম্বর।—রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাদারবক্স হল সংসদের ভিপি বাবুল আখতার বাবুলকে গ্রেফতারের ঘটনা কেন্দ্র করে আজ কিছু ছাত্র রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, ভিসি ও প্রোভিসির কার্যালয় তালা বন্ধ করে দেয়।

ফলে আজ বিশ্ববিদ্যালয়ে কোন পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। বিশ্ববিদ্যালয় সংলগ্ন সড়ক ও রেলপথেও তারা অবরোধ সৃষ্টি করে।

(৭-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা স্থগিত

( প্রথম পাতার পর )

এতে করে দূরপাল্লার বাস ও ট্রেন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত নগরীর বাইরে থেকে চলাচল করে। মতিহার থানা পুলিশ গতকাল গভীর রাতে বাবুলকে তার কাজলাস্থ ভাড়া বাড়ি থেকে গ্রেফতার করে। পুলিশ জানায়, তার বিরুদ্ধে ৪টি মামলা রয়েছে। এদিকে বিশ্ববিদ্যালয়ে আজ এলএলবি (অনার্স) এবং সাবসিডিয়ারি পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি।

পরীক্ষা অনুষ্ঠানের দাবীতে পরীক্ষার্থীরা আজ বেলা ৯টা থেকে ১১টা পর্যন্ত ভিসির বাসভবনের সামনে অবস্থান ধর্মঘট করেও পরীক্ষা দিতে পারেনি। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক জানান, আজ থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত ৩ দিনের জন্য এলএলবি অনার্স ও সাবসিডিয়ারী পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। অন্যান্য পরীক্ষা সময়সূচী অনুযায়ী যথারীতি অনুষ্ঠিত হবে এবং স্থগিত পরীক্ষাসমূহের সময়সূচী পরে জানানো হবে। অন্যদিকে বাবুলের জামিনের আবেদন আজ নামঞ্জুর হওয়ায় তাকে কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়েছে। পুলিশ জানায়, তাঁকে ৩ মাসের আটক আদেশের জন্য সুপারিশ করা হয়েছে।

জাতীয়তাবাদী ছাত্রদলের বিশ্ববিদ্যালয় শাখার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রাজ্জাকুল ইসলাম রাজ্জাক মাদারবক্স হল ছাত্র সংসদ এবং হাবিবুর রহমান হল ছাত্র সংসদের জিএস যথাক্রমে মেহেদী হাসান বিপ্লব ও মাসুদ খন্দকার পৃথক পৃথক বিবৃতিতে বাবলুর গ্রেফতারের নিন্দা জানিয়ে অবিলম্বে তার মুক্তি দাবী করেছেন।